# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, ফাতেমা রাদ্বিয়াল্লাহু আনহার সন্তানেরা দুনিয়াতে পাপ কাজ করলেও কোন ক্ষতি নেই- উক্ত কথার অপনোদনে হাদীস (মহান আল্লাহ ফাতেমা রাদ্বিয়াল্লাহু আনহা, তাঁর স্বামী ও সন্তানের প্রতি রাজি-খুশি হোন। অবশ্য তিনি তাঁদের প্রতি রাজি-খুশি হয়েছেন।)

## ذكر الخبر المدحض قول من زعم أن أَوْلَادَ فَاطِمَةَ لَا يَضُرُّهُمُ ارْتِكَابُ الْحَوْبَاتِ فِي الدُّنْيَا رَضِيَ اللَّهُ عَنْهَا وَعَنْ بَعْلِهَا وَعَنْ وَلَدِهَا وَقَدْ فَعَلَ

আরবী

645 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ حَدَّثَنَا حَكِيمُ بْنُ سَيْفٍ الرَّقِّيُّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ {وَأَنْذِرْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ} [الشعراء: 214] جَمَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُرَيْشًا فقَالَ: (يَا مَعْشَرَ قُرَيْشٍ أَنْقِذُوا أَنْفُسَكُمْ مِنَ النَّارِ فَإِنِّي لَا أَمْلِكُ لَكُمْ ضَرًّا وَلَا نَفْعًا) وَلِبَنِي عَبْدِ مَنَافٍ مِثْلَ ذَلِكَ وَلِبَنِي عَبْدِ الْمُطَّلِبِ مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ: (يَا فَاطِمَةُ بِنْتَ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْقِذِي نَفْسَكِ مِنَ النَّارِ فَإِنِّي لَا أَمْلِكُ لَكِ ضَرًّا وَلَا نَفْعًا إلا أن لك رحماً سأَبُلُّها بِبِلالها)

قال أبو حاتم: هذا منسوخ [إِذْ] لأن فِيهِ أَنَّهُ لَا يَشْفَعُ لِأَحَدٍ واخْتِيَارُ الشَّفَاعَةِ كَانَتْ بِالْمَدِينَةِ بَعْدَهُ.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 645 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪৫. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, যখন এই আয়াত অবতীর্ণ হলো “আর আপনি নিকটাত্নীয়দেরকে সতর্ক করুন।” (সূরা শু‘আরা: ২১৪।) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

কুরাইশদেরকে একত্রিত করেন। অতঃপর বলেন: “হে কুরাইশগণ, আপনারা নিজেদেরকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করুন। কেননা আমি আপনাদের ক্ষতি বা উপকার করার ক্ষমতা রাখি না।” এভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বানু আবদে মানাফ ও বানু আব্দুল মুত্তালিবদেরকেও অনুরুপ কথা বলেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “হে ফাতেমা বিনতু মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিজেকে তুমি জাহান্নামের আগুন থেকে রক্ষা করো। কেননা আমি তোমার ক্ষতি বা উপকার করার ক্ষমতা রাখি না। তবে আমার সাথে তোমার রক্ত সম্পর্ক রয়েছে, সে সম্পর্ক আমি বজায় রাখবো।[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “এই হাদীসটি মানসূখ বা রহিত। কেননা এখানে বলা হয়েছে তিনি কারো জন্য সুপারিশ করতে পারবেন না। সুপারিশ করার ব্যাপারটি পরবর্তীতে মাদানী জীবনে সাব্যস্ত হয়েছে।”

## ফুটনোট

[1] তিরমিযী: ৩১৮৫; মুসনাদ আহমাদ: ২/৩৩৩; সহীহ মুসলিম: ২০৪; নাসাঈ: ৬/২৪৮।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১৭৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89147

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন